

কোস্ট ট্রাস্ট

সদস্যসহ সংশ্লিষ্ট সবার জন্য জানার অধিকার

- কোস্ট ট্রাস্ট একটি বেসরকারী উন্নয়ন সংস্থা। এ সংস্থাটি বাংলাদেশ সরকারের ট্রাস্টি এ্যাক্ট এবং এনজিও এফ্যায়ার্স ব্যুরো (নিবন্ধন নং- ১২৪২) কর্তৃক নিবন্ধিত। এছাড়াও ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনার জন্য বাংলাদেশ ব্যাংক এর আওতাধীন মাইক্রো ক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) কর্তৃক নিবন্ধিত, যার নং-০০৯৫৬-০৪০৪১-০০০৬৮।
- কোস্ট ট্রাস্ট-এর অবস্থান প্রান্তিক জনগোষ্ঠী, গরীব পরিবারসমূহ এবং তাদের স্বার্থের পক্ষে।
- কোস্ট ট্রাস্ট কর্তৃক পরিচালিত কর্মসূচিসমূহ, গৃহীত নিয়ম কানুন, আর্থিক বিষয়াদি এবং ব্যবস্থাপনাগত সকল কাজের বিষয়ে রাষ্ট্র, জনগণ এবং সদস্যদের কাছে দায়বদ্ধ।
- কোস্ট ট্রাস্ট সদস্যসহ সকল পক্ষের কাছে দায়বদ্ধতা প্রদর্শনের ক্ষেত্রে HAP (Humanitarian Accountability Partnership- দরিদ্র জনগোষ্ঠীর মানবিক বিষয়সমূহ নিয়ে স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহের সাথে কাজ করে) নীতিমালা অনুসরণ করে এবং HAP -এর আদর্শমানসমূহ চর্চা করে।
- কোস্ট ট্রাস্ট বাংলাদেশ সরকারের তথ্য অধিকার আইন অনুসারে সংস্থার সকল প্রকার তথ্য (শুধুমাত্র কর্মীদের ব্যক্তিগত শৃঙ্খলা সম্পর্কিত বিষয়গুলো ছাড়া) সকলের জন্য উন্মুক্ত রাখে ও সুনির্দিষ্ট কিছু বিষয় স্বপ্রণোদিতভাবে প্রকাশ করে।
- সহকর্মীর আচরণ, সংস্থার নিয়মকানুন, গৃহীত কর্মসূচিসহ যে কোন বিষয়ে অসন্তুষ্টি থাকলে যে কেউ সংস্থা বরাবর মৌখিক বা লিখিতভাবে অভিযোগ করতে পারেন। এক্ষেত্রে অভিযোগকারীর পরিচয় গোপন রাখার বিষয়ে কোস্ট ট্রাস্ট অঙ্গীকারাবদ্ধ।
- অভিযোগ করার কারণে কোন সদস্য বা সমাজের যে কেউ সংস্থা কর্তৃক প্রদেয় সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হয় না।
- সরাসরি কথা, মোবাইল/টেলিফোন, ই-মেইল, ফ্যাক্স, অভিযোগ বক্স ও লিখিত মাধ্যমে করা যে কোন অভিযোগ ৭ দিন থেকে সর্বোচ্চ ৩০ দিনের মধ্যে নিষ্পত্তি করা হয়।
- কোন কর্মীর বিরুদ্ধে আর্থিক অনিয়ম এবং সদস্য/কর্মীর সাথে অনৈতিক বা অশ্লীল আচরণের প্রমাণ পাওয়া গেলে সরাসরি প্রশাসনিক ব্যবস্থা নেয়া হয়।
- প্রতিবছর সকল সদস্য/স্টেকহোল্ডারদের সাথে কর্মসূচি বিষয়ে মতামত গ্রহণের জন্য প্রয়োজনীয় সভা/আলোচনা করা হয়ে থাকে।
- কোস্ট ট্রাস্ট কর্ম এলাকায় এসিড নিষ্ক্ষেপ, অপহরণ ও ধর্ষণ ঘটনায় চিকিৎসা সহায়তা ও মামলা পরিচালনায় সহযোগিতা করতে প্রতিজ্ঞাবদ্ধ।

প্রধান তথ্য ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা:

মোস্তফা কামাল আকন্দ। মোবাইল: ০১৭১১৪৫৫৫৯১,

সহ-প্রধান তথ্য ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা:

রাশিদা বেগম। মোবাইল: ০১৭১৩৩২৮৮০২

তথ্য কর্মকর্তা:

সংশ্লিষ্ট কর্ম এলাকার শাখা ও অফিস প্রধান।



COAST The Coastal Association for Social Transformation Trust

ডাকযোগে তথ্য চাওয়া ও অভিযোগ প্রদানের ঠিকানা

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, বাড়ি নং- ৯/৪

রোড নং- ০২, শ্যামলী, ঢাকা - ১২০৭, বাংলাদেশ।

ফোন: +৮৮ ০২ ৮১২৫১৮১, ৮১৫৪৬৭৩, +৮৮ ০১৭১৪০১৪২০৩

ফ্যাক্স: ৯১২৯৩৯৫।

ই-মেইল: info@coastbd.org